



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-৩৭.১৬.০০০০.০১২.২০.০০১.২০. ১৪৯১

তারিখ: ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ।  
০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন থেকে দাখিল ও আলিম পরীক্ষার সাময়িক সনদ প্রাপ্তির কোন আবেদন হাতে হাতে গ্রহণ করা হবে না। সাময়িক সনদ প্রাপ্তির জন্য নিম্নোক্ত নিয়মে অনলাইনে আবেদন করতে হবে।

ক) স্ব স্ব মাদ্রাসা প্রধানের মাধ্যমে মাদ্রাসার ইআইএন ও পাসওয়ার্ড দিয়ে অনলাইনে আবেদন করতে হবে।

খ) সোনালী সেবা/অনলাইন ব্যাংকিং সিস্টেমে নির্ধারিত ফির ৫০০/- (পাঁচশত) টাকা ২০৭১-১৪-২০-১১ কোড-এ (সাময়িক সনদ) পেমেন্ট করতে হবে।

গ) আবেদনের সাথে সংশ্লিষ্ট পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ছায়াকপি স্ক্যান করে আপলোড করতে হবে।

ঘ) ফিরতি মেসেজ পাওয়ার পর অত্র বোর্ডের গোপনীয় শাখার (চতুর্থ তলা) কাউন্টার থেকে সাময়িক সনদ গ্রহণ করতে হবে।

ঙ) সাময়িক সনদ গ্রহণের জন্য অনলাইন পেমেন্টের মূল কপি জমা দিতে হবে ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট দেখাতে হবে।

চ) পরীক্ষার্থীকে স্ব-শরীরে উপস্থিত হয়ে সাময়িক সনদ গ্রহণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল: [controller@bmeb.gov.bd](mailto:controller@bmeb.gov.bd)